এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৭০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

**১.** ▶ বাংলার প্রতিটি মানুষ জানে ঐতিহাসিক রেসকোর্সের কথা কারণ এখানে একটি ঐতিহাসিক ভাষণ দিয়েছিলেন জাতির মহানায়ক। মহানায়কের এ ভাষণটি শুনে দেশের সকল স্তরের মানুষ স্বাধীনতার জন্য পাকিস্তানের বিরুদ্ধে সংগ্রামে লিপ্ত হয়। দেশ স্বাধীন হয়। তবে বড় ধরনের একটি অভ্যুত্থানে জাতি হারিয়েছে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালিকে।

ক. ১৯৭০ খ্রিষ্টাব্দের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে কয়টি আসন লাভ করে? ১

খ. মুজিবনগর সরকার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত ভাষণের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. তবে বড় ধরনের একটি অভুত্থানে জাতি হারিয়েছে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালিকে— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**২.** ▶ ১৯৬৬ খ্রিষ্টাব্দে লাহোরে বিরোধীদলের এক সম্মেলনের আয়োজন করা হয়। উক্ত সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে একটি কর্মসূচি পেশ করা হয়। পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানকে শোষণের বিরুদ্ধে এ কর্মসূচিটি ছিল তীব্র প্রতিবাদ আর বাঙালির অধিকার আদায়ের সনদ।

ক. Cop —এর পূর্ণরূপ কী? ১

খ. মৌলিক গণতন্ত্রের দুইটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. উদ্দীপকে কোন কর্মসূচির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কর্মসূচির গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ পাকিস্তানি আমলের একটি মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী অর্থ, রাজস্ব ও স্বরাষ্ট্র বিভাগের দায়িত্ব ছিলেন। এ সময় বিভিন্ন জায়গায় শ্রমিকদের মধ্যে ব্যাপক গোলযোগ শুরু হয়। ফলে কেন্দ্রিয় সরকার উক্ত মন্ত্রিসভাকে ব্যর্থ বলে দায়ী করে এবং সে মন্ত্রিসভা ভেঙে গভর্নরের শাসন জারি করা হয়।

ক. বর্তমান শহিদ মিনারটি নির্মাণ করা হয় কত খ্রিষ্টাব্দে? ১

খ. বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার পক্ষে যুক্তি দাও। ২

গ. উদ্দীপকে কোন মন্ত্রিসভার প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে তুলেতে উক্ত মন্ত্রিসভা ব্যর্থ হয়েছিল। এ উক্তিটির সাথে তুমি কি একমত? মতামত দাও। ৪

**৪.** ▶ ১৯০৫ খ্রিষ্টাব্দে লর্ড কার্জন বঙ্গাবঙ্গ করেন। বাংলার মুসলমানরা একে সমর্থন করলেও হিন্দুরা এর বিরোধিতা করেন। এমনকি এ নিয়ে তারা ব্রিটিশ বিরোধী আন্দোলনও গড়ে তোলেন।

ক. স্বত্ববিলোপ নীতি কে প্রয়োগ করেন? ১

খ. স্বদেশি আন্দোলনকে কেন মুসলমানরা অসমর্থন জানায়? ২

গ. পূর্ববঙ্গের আর্থ-সামাজিক ও সংস্কৃতিক উন্নতিতে বঙ্গভঙ্গের প্রভাবকে তুমি কিভাবে ব্যাখ্যা করবে? ৩

Teachingbd.com

ঘ. বঙ্গভঙ্গ পরবর্তী আন্দোলনকে ব্রিটিশ সরকারের সন্ত্রাসবাদ আন্দোলন বলা কতটা যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

**৫.▶** সম্রাটের সাথে বিদেশি কোম্পানির এক চুক্তি হয়। চুক্তি অনুযায়ী বিদেশি কোম্পানিটি তিনটি অঞ্চলে বিনা শুল্কে বাণিজ্য করার অধিকার লাভ করে। কোম্পানি তাদের দেশের উৎপাদিত সিরামিক দ্রব্য, ওষুধ, বস্ত্র, মসলা ইত্যাদি বিনাশুল্কে বিক্রি করার সুবাদে অল্প দিনের মধ্যে বিশাল সমৃদ্ধি লাভ করে। একই সাথে চুক্তি অনুযায়ী কোম্পানি নিজস্ব একটি মুদ্রার প্রচলন করে।

ক. চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তিত হয় কত খ্রিষ্টাব্দে? ১

খ. বাংলার সশস্ত্র আন্দোলন ব্যর্থ হয়েছিল কেন? ২

গ. উদ্দীপকটি ইস্ট ইন্ডিয়া কোম্পারি মহা সনদের সাথে কতটুকু সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইস্ট-ইন্ডিয়া কোম্পানিকে ব্যবসায়ীক পৃষ্ঠপোষকতা দেওয়ার সিদ্ধান্তটি ছিল একটি ভুল পদক্ষেপ— বিশ্লেষণ কর। ৪

**৬.▶** জনাব 'খ' একজন কৃষক। তিনি ধান, পাট, তুলা, তৈলবীজ, গম ছাড়াও পিঁয়াজ, রসুন, হলুদ, পান, সুপারি, রেশন প্রভৃতি চাষ করেন। এসব উৎপন্ন কৃষিজাত দ্রব্য তিনি বিদেশেও প্রেরণ করেন।

ক. সমাজ বাল্য বিবাহের প্রচলন ছিল কখন? ১

খ. মুঘল যুগে বাংলার স্থাপত্যের বৈশিষ্ট্য উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত কৃষিজাত দ্রব্যের সাথে মধ্যযুগের কী মিল পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মধ্যযুগে শিল্প ও বাণিজ্যের উত্থানের মূল উৎস ছিল কৃষি'— বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৭.▶** জনাব 'ল' ছিলেন 'স' অঞ্চলের শাসনকর্তার একজন কর্মচারী। প্রভুর মৃত্যুর পর জনাব 'ল' নতুন নাম ধারণ করে 'স' অঞ্চলের সিংহাসনে বসেন। তার সময়ে উক্ত অঞ্চলে একটি নতুন যুগের সূচনা হয়।

ক. ইসলাম খান ঢাকার নাম কী রাখেন? ১

খ. বাংলার মুসলিম শাসন প্রতিষ্ঠায় বখতিয়ার খলজির ভূমিকা কী ছিল? ২

গ. উদ্দীপকে উল্লেখিত জনাব 'ল'-এর সাথে মধ্যযুগের বাংলার কোন মুসলিম শাসকের তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মুসলিম শাসককে কি বাংলার স্বাধীন সুলতানাদের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা যায়? তোমার মতামত দাও। ৪

**৮.▶** ভ্রমণ বিলাসী সবুজ একটি দেশে বেড়াতে গিয়ে এমন একটি মূর্তি দেখতে পেল, যার দেহটা সিংহের মতো কিন্তু মুখটা মানুষের মতো। সে মূর্তিটা দেখে খুবই অবাক হয়ে তাকিয়ে রইল।

ক. পৃথিবীর মানচিত্রে প্রথম অংকন করেন কারা? ১

খ. সিন্ধু সভ্যতার সৃপত্য শিল্পের বৈশিষ্ট্য কী রূপ ছিল? ২

Teachingbd.com

গ. উদ্দীপকে কোন সভ্যতার ইঙ্গিত দেয়? উক্ত সভ্যতার বিজ্ঞানের অবদান সম্পর্কে ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লেখিত সভ্যতার ভৌগলিক অবস্থান ও সময়কাল বিশ্লেষণ কর। ৪

৯.▶ জনাব 'ক' এর মতো ইতিহাস থেকে আমরা অতীতের রাজাদের সম্পর্কে এবং যুদ্ধের ঘটনা সম্পর্কে জানতে পারি। জনাব 'খ' এর মতে সাহিত্য জীবনী ও ভ্রমণবৃত্তান্ত থেকে ইতিহাসের তথ্য পাওয়া যায়। এছাড়া ইতিহাসের আলোকে আমরা বর্তমানকে ও বিবেচনা করতে পারি।

ক. 'History' শব্দ থেকে এসেছে? ১

খ. বিষয়বস্তুগত ইতিহাস বলতে কী বোঝ? ২

গ. ইতিহাসের তথ্য সম্পর্কে জনাব 'খ' এর বক্তব্যটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ইতিহাসের আলোকে আমরা বর্তমানকেও বিবেচনা করতে পারি। 'এ বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

১০.▶ আলমগির সাহেব একজন খ্যাতনামা মুসলিম রাজনীতিবিদ। তিনি তার ধর্মের অনুসারীদের জন্য পৃথক আবাসভূমি প্রতিষ্ঠার জন্য তার দলের বার্ষিক সম্মেলনে একটি প্রস্তাব উত্থাপন করেন। উক্ত প্রস্তাবে একাধিক রাষ্ট্র প্রতিষ্ঠার ইঙ্গিত ছিল।

ক. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি কত সালে ভারতবর্ষে আগমন করে? ১

খ. প্রাদেশিক স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২

গ. আলমগির সাহেবের পেশকৃত প্রস্তাবের সাথে তোমার পঠিত কোন প্রস্তাবের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তোমার পঠিত উক্ত প্রস্তাবে স্বাধীনতা বাংলাদেশের বীজ নিহীত ছিল— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ লেখ। ৪

১১.▶ জনাব 'ই' আলী মাদারীপুর জেলায় ১৯৮২ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন। তিনি দীর্ঘ বিশ বছর মক্কায় অবস্থান করে দেশে ফিরে এসে ইসলাম ধর্মকে কুসংস্কার ও অনৈসলামিক অনাচার মুক্ত করতে দৃঢ় প্রতিজ্ঞ হন। তিনি কৃষকদেরকে জমিদার ও মহাজনদের অন্যায়ের বিরুদ্ধে সচেতন করে তোলেন। বাংলার মুসলমানদের মধ্যে এক ধর্মীয় সামাজিক সংস্কার আন্দোলনের সূত্রপাত করেন। সরকার তাকে দেশবিদ্রোহী হিসেবে ঘোষণা দেয় এবং তাকে প্রতিহত করার উদ্যোগ নেয়।

ক. ফকির সন্ন্যাসী আন্দোলনের নেতা নাম কী? ১

খ. মাওলানা আব্দুল হামিদ খান ভাসানীকে মজলুম জননেতা বলা হয় কেন? ২

গ. জনাব 'হ' আলীর কার্যক্রমের সাথে উপমহাদেশের কোন সংস্কারকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত সংস্কারকের আত্মত্যাগ বাঙালিদেরকে মুক্তিযুদ্ধে অনুপ্রেরণা যুগিয়েছে— যুক্তিসহ লিখ। ৪

http://teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ৩

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান— ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. মানব জীবনে কোনটির প্রভাব বেশি?**
ক চারপাশের পরিবেশ　খ সমুদ্র বন্দর
গ ব্যবসা-বাণিজ্য　ঘ নদ-নদী

**২. অস্টিক কাদের ভাষা?**
ক আলপাইন　খ আর্য
গ নিষাদ　ঘ মৌর্য

**৩. কত সালে সিন্ধু সভ্যতা আবিষ্কৃত হয়?**
ক ১৮৪৭　খ ১৮৪৮
গ ১৯১২　ঘ ১৯২২

**৪. হরপ্পা মহেঞ্জোদারোতে কতটি সিল মোহর পাওয়া যায়?**
ক ২৫০০　খ ২০০০
গ ২৩০০　ঘ ১৯২১

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**

অন্তর ও হৃদয় দুই বন্ধু তারা একই গ্রামে বাস করে। কিন্তু গ্রামটি ছিল বেশ বড়। প্রশাসনিক সুবিধার জন্য গ্রামটিকে দুভাবে ভাগ করে দুইজন প্রতিনিধি নিযুক্ত করা হয়।

**৫. উল্লেখিত ঘটনাটি নিচের কোন ঘটনাকে নির্দেশ করে?**
ক দেশভাগ
খ বঙ্গভাগ
গ নেহেরু রিপোর্ট
ঘ লাহোর প্রস্তাব

**৬. উক্ত কাজটির ফলে-**
i. পূর্ব বাংলার উন্নতি হয়েছিল
ii. মুসলমানরা উপকৃত হয়েছিল
iii. হিন্দুরা উপকৃত হয়েছিল

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

**৭. সর্বপ্রথম একেশ্বরবাদের প্রথা প্রচার করে কারা?**
ক ফিনিশীয়রা
খ আসিরীয়রা
গ হিন্দুরা
ঘ মিশরীয়রা

**৮. রোমান আইন সংকলিত হয় কতটি বোঞ্জপাতে?**
ক ১৬টি
খ ১৩টি
গ ১২টি
ঘ ১৪টি

**৯. বাংলাদেশের ১ম প্রধান মন্ত্রী কে ছিলেন?**
ক তাজউদ্দীন
খ মোশতাক
গ মনসুর আলী
ঘ সৈয়দ নজরুল

**১০. শশাংকের রাজধানী কোথায় ছিল?**
ক কর্ণসুবর্ণ　খ বিক্রমপুর
গ পুন্ড্রনগর　ঘ চন্দ্রদীপ

**১১. কোনটি ইতিহাসের অলিখিত উপাদান?**
ক সরকারি নথি
খ গল্প কাহিনী
গ শিলালিপি
ঘ চিঠিপত্র

**১২. পৃথিবীর মানচিত্র প্রথম আকেন কারা?**
ক মিশরীয়রা
খ গ্রিকরা
গ রোমানরা
ঘ সিন্ধুর অধিবাসীরা

**১৩. গৌড়ের নাম ডাক বেশি ছিল কোন রাজার আমলে?**
ক মৌর্য　খ পাল
গ সেন　ঘ গুপ্ত

**১৪. মহাস্থানগড় কোথায় অবস্থিত?**
ক রাজশাহী　খ রংপুর
গ বগুড়া　ঘ সিলেট

Teachingbd.com

১৫. কোন শক্তি গুপ্ত সাম্রাজ্যকে ধ্বংস করেছিল?
ⓚ আর্য
ⓚ হুন
ⓖ পাল
ⓖ সেন

১৬. কোন জনপদ থেকে বাঙালি জাতির উৎপত্তি ঘটেছে?
ক) বরেন্দ্র
খ) পুন্ড্র
গ) বঙ্গ
ঘ) গৌড়

১৭. ১৯০৫ সালে বাংলাকে ভাগ করেন কে?
ক) কার্জন
খ) কর্ণ ওয়ালিস
গ) রিডিং
ঘ) মাউন্ট ব্যাটেন

১৮. মিশরীয়দের লিখন পদ্ধতির নাম কী?
ক) বর্ণলিপি
খ) চিত্রলিপি
গ) আদর্শলিপি
ঘ) পত্রলিপি

১৯. ভারতীয় উপমহাদেশে কখন ইংরেজ শাসনের অবসন ঘটে?
ক) ১৯৪৫
খ) ১৯৪৭
গ) ১৯৪৯
ঘ) ১৯৫৬

২০. মুজিবনগর সরকার ১৯৭১ সালের কত তারিখে গঠিত হয়?
ক) ৪ এপ্রিল    খ) ১০ এপ্রিল
গ) ৮ এপ্রিল    ঘ) ২৭ এপ্রিল

২১. বঙ্গবন্ধু জাতিসংঘের কত তম অধিবেশনে বাংলায় ভাষণ দেন?
ক) ২৬    খ) ২৭
গ) ২৮    ঘ) ২৯

২২. জাতীয় চার নেতাকে হত্যা করা হয় কখন?
ক) ১ নভেম্বর    খ) ২ নভেম্বর
গ) ৩ নভেম্বর    ঘ) ৪ নভেম্বর

২৩. খালেদ মোশাররফ কত দিন রাষ্ট্র ক্ষমতায় ছিল?
ক) দুই দিন    খ) চার দিন
গ) ছয় দিন    ঘ) আট দিন

২৪. খাল খনন কর্মসূচি চালু হয় কত সালে?
ক) ১৯৭৭    খ) ১৯৭৮
গ) ১৯৭৯    ঘ) ১৯৮০

২৫. গণতান্ত্রিক সংগ্রাম পরিষদ গঠিত হয় কয়টি রাজনৈতিক দল মিলে?
ক) ৬    খ) ৭
গ) ৮    ঘ) ৯

২৬. শিক্ষা আন্দোলন কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?
ক) ১৯৬০    খ) ১৯৬১
গ) ১৯৬২    ঘ) ১৯৬৩

২৭. কোনটি বাংলার আশা আকাঙ্খার প্রতীক?
ক) ১১ দফা    খ) ৬ দফা
গ) ২১ দফা    ঘ) ১৪ দফা

২৮. COP কত সালে গঠিত হয়?
ক) ১৯৬৫
খ) ১৯৬৬
গ) ১৯৬৭
ঘ) ১৯৬৮

২৯. মিশরের দক্ষিণে কোন দেশ?
ক) দক্ষিণ সুদান
খ) সুদান
গ) আলজেরিয়া
ঘ) মরক্কো

৩০. কাকে আধুনিক ইতিহাসের জনক বলা হয়?
ক) হেরোডোটাস
খ) লিওপোল্ড ফন র‍্যাংকে
গ) টয়েনবি
ঘ) ইএইচকার

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ |

Teachingbd.com